নাট্যোল্লিখিত ব্যক্তিগণ

নটের তালিকা।

মাণিক্যধন (মণ্ডল) রায় ...	সামান্য সম্পত্তি বিশিষ্ট মূর্খ বেয়াকেল জমীদার।
মাণিক্যধন মণ্ডল	মাণিক্যর সাবেক পিতা
বুকম্যান ফিশ্	দুর্দ্দশাপন্ন সাহেব
কালাচাঁদ	সহরে তুখোড় লোক
বাঁশীমোহন কীর্ত্তিরাম প্রভৃতি	মোসাহেবগণ
ভট্টাচার্য্য	সভাপণ্ডিত
মিঞাজান	খানসামা
পোকারাম	ভৃত্য

সহরের ভণ্ডগণ, জেলে, জেলেনী, শুঁড়ী, ফুলওয়ালা, ফুলওয়ালী, ধোপানী, বেদানাওয়ালা, ভিস্তি, মেথরাণী, ফোড়ে, মেছুনীগণ, মাণিক্যর দেশীয় স্ত্রীলোকগণ, দরওয়ান, বরকন্দাজ।

কালিন্দী	কালাচাঁদের স্ত্রী
মনসাঠাকরুণ	মাণিক্যর স্ত্রী
পাঁচকড়ি	বাইজী

(কালাচাঁদের প্রবেশ)

কালা চুনোপুঁটী চুনোপুঁটী . আরি সেজেগুজে সব বাবা শীকারে যাচ্ছে, পাবে চুনোপুঁটী চুনোপুঁটী ; সেজেছ গুজেছ মন্দ নয়, কিন্তু ওতে আর কিছু হযনা বাবা, সব পুরোণ হয়ে গেছে দুর্ভিক্ষের চাঁদা,—পথে পথে কাঁদ বিজ্ঞাপনের খরচ কুলোয় না ; ধর্ম্মপ্রচার,—একসন্ধ্যা আহার জোটা ভার, জয়রাধাকৃষ্ণই বল, আর শান্তিঃ শান্তিঃই বল, বাড়ীতে ঢুকলে বাবা সব ঘটী বাটী সামলাও ; ওলাউঠ, মারীজ্বর, জলপ্লাবন আমরা এককালে ঢের করেছি, এখন আর ওসবে কুলোয় না ; চোগা ঝুলিয়ে তুড়িলাফ মেরেও দেখা গেছে, দাড়ী রেখে সমাও পরা গেছে, গৈরিক রুদ্রাক্ষের ভিট্‌কেল্‌মিও করা গেছে, কোন দিন একসন্ধ্যা, কোন দিন একাদশী ; কালাচাঁদ মাষ্টার আর ধানে যাচ্ছে না, মারিতো হাতী, লুটিতো ভাণ্ডার, চুনোপুঁটীতে আর নেই। জমীদার খুড়োকে রাজা হবার জন্যে যে রকম নাচন্ নাচিয়েছি, আর এদিকে ফিশ্ সাহেব হাতে আছে, এবার কিছু গুছিয়ে বসছিই বসছি

(কালিন্দীর প্রবেশ)

কালিন্দী ঐ গেল—ঐ গেল, সব শীকারে বেরিয়ে গেল

কালা। গেল গেলই।

কালিন্দী আর তুমি বসে বসে দেখছ ?

কালা এইবার প্রিয়ে মিছে কথা কোয়েছ, আমি দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছি

কালিন্দী দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখলে তো পেট চলবে কেমন করে ?

কালা   পেট চলবার জন্যে ভাবনা কি, যে রকম বাজার ভাও পড়েছে, আপনা আপনিই চলতে পারে নেহাৎ না হয় ছটাক খানেক কেষ্টর অয়েল খেলেই রীতিমত চলবে।

কালিন্দী   নাও ঠাট্টা রেখে দাও, তুমি কোন কাজের নও।

কালা   ছি প্রিয়ে স্ত্রীর মুখে ও কথা স্বামীর পক্ষে বড় বদ্‌নাম, তুমি একেবারে আমার গলার মাটী বেরাবে নাকি?

কালিন্দী   ওরা সব জোড়ে জোড়ে গেল, কত শীকার ধোরবে কত টাকা পাবে, আর তুমি কিছু কোচ্ছ না, চল আমরাও দুজনে শীকার খুঁজতে যাই

কালা   চাঁদবদনী ভগিনি —ঐটে মাফ করতে হবে, তোমায় নিয়ে আমার শীকারে যাবার ভরসা হয় না

কালিন্দী   কেন আমি কি তোমার ঘাড়ে পড়বো?

কালা। বলি আমার ঘাড়েতো পড়েই আছ, সে ভয় করিনি, যদি আর কারুর ঘাড়ে পড়—

কালিন্দী   ছি ভ্রাতঃ প্রাণনাথ, তোমার এখনও কুসংস্কার।

কালা   কি জান ভগ্নি, সংসার সংস্কার বিশেষ অবগত আছি, তাই প্রিয়ে, স্ত্রীকে বাজারে বার করা সম্বন্ধে একটু কুসংস্কার এখনও আছে

কালিন্দী   প্রাণনাথ আমি তেমন নই।

কালা   এখনতো তেমন নয়, কিন্তু তেমন তেমন হ'লে কেমন হয় তাকি বলা যায় দেখ, এই যে সব ঠাকুর-ঠাকুরুণরা জোড়ে জোড়ে শীকারে বেরুলেন ও ছিপে মাছ ধরা, ওতে আমি বড় রাজী নয়; মাগ টোপ্ ফেলে যে মাছ ধরতে যায়, তার অনেক সময়েই মাছে টোপটী ঠুক্‌রে পালিয়ে যায়, ঔর গাঁথতে

পারলেও টোপটুকু নিশ্চয়ই মারা যায়। আমি জালের শীকার বুঝি ভাল, যা পেলুম সাফ টেনে নিলুম। তুমি কিছু ভেবো না, আমি যে জাল ফেলে এসেছি চুনোপুঁটী নয়, একেবারে দেড়মণি কাৎলা গ্রেপ্তার হবে।

কালিন্দী কি রকম, কি রকম ?

কালা মফঃস্বল থেকে এক জমীদার আমদানী হয়েছে, তাঁর সঙ্গে জুটে তাঁকে রাজা খেতাব দেবা'র বলেছি, এদিকে আমার কাছে সেই যে সাতাল সাহেবটা আসতো, তাকে একটা বড় সাহেব সাজাব ঠিক করেছি, একেবারে কিছু মাল করে বসছি।

কালিন্দী। বল কি ভ্রাত! কোন হাঙ্গাম হ'বে না তো ?

কালা রামচন্দ্র! আমি কি তেমন কাজে হাত দিই প্রিয়ে, এ কি আর একটা জমীদারের মত জমীদার. মফঃস্বলে দেড় কাঠা ভুঁই থাকলেই কলকেতায় এসে অনেকে জমীদার হয়, এ সেই গোছ; দেখেছে বড় বড় জমীদারদের গবর্ণমেণ্ট মান্য করে খেতাব টেতাব দেন, এও তাই খেপেছে 'এ্যাং যায় ব্যাং যায়, খল্‌সে বুড়ী বলে আমিও যাই' একে কেউ চিনেওনা শোনেওনা, একটা হাবাতে।

কালিন্দী প্রাণেশ্বর প্রাণেশ্বর আত্মাবল্লভ.

কালা ভগিনি, সহধর্ম্মিণি, হৃদয় রঞ্জিনি, কালিন্দী-কল্লোলিনি।

কালিন্দী ভ্রাতঃ, প্রেম দাও প্রেম দাও !

কালা ভগিনি, আঁচল পাত আঁচল পাত

কালিন্দী প্রিয় ভ্রাতঃ প্রাণপতি কি দিবে আমায় ?

কালা। চল প্রিয়ে, প্রেম দিব থামায় থামায়।

(নেপথ্যে) মাষ্টরবাবু বাসায় ?

কালা। যাও যাও কালিন্দী তুমি সরে যাও, জমীদার খুড়ো বুঝি এসেছে.

কালিন্দী। কেন ভ্রাত সরে যাব, আমিতো স্ত্রী-স্বাধীনতা পেয়েছি, পরপুরুষের কাছে আর আমার লজ্জা কি ?

কালা। ওরে বাপু প্রিয়ে তোকে বোঝাব কত, স্বাধীনতা টতা এখন থো কর, মেয়ে মানুষ সম্বন্ধে জমীদার খুড়ো আমার রাঘববোয়াল, মফঃস্বলে বিস্তর গেরস্তর মেয়েকে স্বাধীন করে ফেলেছে ভগিনি তুমি আমার সবে ধন নীলমণি, তোমায় কিছু বেশীরকম স্বাধীন কোরলে দীন হীন অধীনের গলায় কাটা উঠবে।

কালিন্দী। ধিক প্রাণনাথ, আজও তোমার কুসংস্কার গেল না।

কালা। ও বাপু প্রাণেশ্বরি, ক্ষমা দাও আমার কুসংস্কার সুসংস্কার সব গরজ বুঝে, এখন একটু গা ঢাকা হও

(গায়িকা ও বাঁশীমোহনের প্রবেশ ,

বাঁশী মাষ্টর বাবু, শ্রীযুৎ আসছেন, স্বয়ং সশরীরে আসছেন

গায়িকা বাঁশীমোহন ব্যাকুব, হস্তি হস্তি ডাক পারাপারি করছিল, মাষ্টরের ঘর আমার ঘর, এর আর ডাক পারাপারি কি, খবরা খবর কি, একেবারে আলাপ

কালা। আজ্ঞা আজ্ঞা, আসুন আসুন, আসতে আজ্ঞা হয় (কালিন্দীর প্রতি) সরে যাও, সরে যাও।

গাণিক্য ওঃ! মাষ্টর বাবুতো রগবে ছিলেন দেহি, ত মায়েমানুষরে সরাইছেন নাহি? আমরাও না অন্ন ফুট আমোদ করলাম, বিবিডী কেডা?

কালা। আজ্ঞা ও তা নব তা নয়, উনি আমার ভগ্নী

গাণিক্য বগ্নী, সহোদোরা? আপনার বাপের বিটী?

কালা। না না আমার স্ত্রী

গাণিক্য। স্ত্রী! কেমন কইলেন, আপন বুহিনিরে বিয় কর্‌ছেন?

কালা (স্বগত) কি গেলো, (প্রকাশ্যে) আজ্ঞা এই—না না ঐ ভগ্নী বলি—আমাদের ঐ দস্তর আছে;" স্ত্রী আনানা স্ত্রী নয়, স্বাধীন মেয়েমানুষ

গাণিক্য। ওঃ, তাই কন স্বাদীন বক্তৃকা। বারতচন্দ্র লিখ্‌ছেন—

"কোলে বক্তা বাব পতি আজ্ঞার অদীন।
স্বাদীন বক্তৃকা তায় বয় সুপ্রবীণ।"

কালন্দী। আপনি বুঝি ভ্রাতা নন, তাই আমায় চিনতে পারেননি, আমি সুসংস্কারাপন্না স্বাধীনা বিদ্যাবতী

গাণিক্য ওঃ তাই কন—

বিদ্যাবতী বোসোবতী স্বাদীন বক্তৃকা।
কলা গাছে দোলে ব্যাল সে নবপত্রিকা।

কালা। যাক যাক, ওকে বাড়ীর ভেতর যেতে দিন

গাণিক্য বং কি মাষ্টর বাবু, আপনার মায়েলোক তো আর খাজুরে গুবের পাটলি নয়, যে আমি টপ্ করে গালে ফেলায়ে দিমু। বলেন স্বাদীন বক্তৃকা, আপনার নাগরেরে দুটা সোহাগের কথা কন, বোসমুঞ্জরীতো আবৃত্তি করছেন, বোলেন—

"শুন শুন প্রাণনাথ, নিবেদিহে জোর হাত
পুরিল সকল সাধ শ্যাম কিছু রয় হে
বাঁকি দেহ মুক্ত ক্যাশ, বানাইবে দেহ ব্যাশ,
তুমি মোরে বালবাসো লোকে যেন কয় হে।
দেখিয়া তোমার মুখ, অতুল অইল সুখ,
পাসরিনু যত দুখ আছিল যে বয় হে
যতকাল জীয়ে বই, তোমা ছাবা যেন নই,
নিতান্ত করিয়ে কই মনে যেন বয় হে"

কালিন্দী (জনান্তিকে কালাচাঁদের প্রতি) এ মুখপোড়া বড় অসভ্য, আমার স্বাধীনতার মর্ম্ম বুঝলে না, আমি চলে যাই।

[প্রস্থান

কালা হ্যাঁ যাও যাও।

গাণিক্য অঃ। মায়েমানুষ তো বর লাজুক দেহি, মাষ্টর বাবু বুঝি হালে বার করে আনছেন, এ্যাহোন পোষমানে নাই

কালা আজ্ঞা না—ওর বিষয় আমি এর পরে বলবো, এখন মহারাজ বাহাদুর কেমন আছেন বলুন?

গাণিক্য অঃ মাষ্টর মশা, আপনি যে এ্যাহনি আমারে মহারাজ বাহাদুর বলে সম্ভাষণ করছেন, গাছে না চরাইতেই কাদি হাতে দ্যান দেহি

কালা গাছে না চড়াতেই কি মহারাজ, আমি যখন রয়েছি, তখন তো আপনি রাজা হয়েছেন মনে করুন

গাণিক্য সোনোন্দতো এ্যাহনও পাই নাই।

কালা সে পাওনাই, আমি সব ঠিক করেছি, আপনার ও দিকের ঠিকতো? মফঃস্বল থেকে টাকাট এসে পৌঁছেছে তো?

গণিকা কাল সন্ধ্যার পর লোক আসছে, সমস্ত মজুত

কালা তবে আপনি রাজা হয়েছেন।

গণিকা রাজা অইমু?

কালা। হবেন।

গণিকা বাঁশীমোহনের মনে কি লয়?

বাঁশী রাজাতো রাজা, আপনি নবাব থাক্তার্থ অইবেন।

কালা। মহারাজ আপনি নিশ্চিন্ত থাকুন;—হাঁ ভাল কথা, আর একটি কায কর্ত্তে হচ্ছে, হাপ্‌সিগজের মেয়েরা বড়দিনে পেত্নীর নাচ নাচবে, তাতে শ দুই টাকা চাঁদা দিতে হবে

গণিকা চাঁদাতো বিস্তর দিলাম, বোজের চাঁদা, থানার চাঁদা, নাচের চাঁদা, হাডুডুডু খেলবার চাঁদা, সাতার গরের চাঁদ

কালা এ চাঁদাটাও দিতে হবে, এই সময়ে ওক্তমাফিক সব কাগজে আপনার নামটা একবার বেরুন চাই

বাঁশী এবার উজুর মহারাজ কোন চাঁদা দিলে আমাগোর আমলাগোর দস্তরি কিঞ্চিৎ কাটিয়ে দিতে অইবে।

গণিকা আবার এক ব্যক্তি আজ আসছিল বাসায়, বলে শ্রীক্ষেত্রে জগন্নাথের শ্রীমন্দির বগ্ন অইছে আপনাকে কিছু সাহার্য্য কর্ত্তি অইবে।

কালা আরে রাম রাম, এক পয়সা দেবেন না দেবেন না, ও জুজুবুরি, আর ওতে নাম কি? নাম বেরুবে? ইংরেজী কাগজে লিখবে? সাহেবেরা খুসি হবে? খালিবাজে খালিবাজে

গণিকা আচ্ছা আপনি কইছেন ও পেত্নী নাচের চাঁদাও দিমু, কিন্তু তৎপর হ'য়ে মহারাজ বাহাদুর লিখিত সোনোন্দটা আনাইয়ে দ্যান।

কাশী। এবারকার সনন্দে শুধু রাজা লেখা থাকবে।

গাণিক্য কিসের লেগে? মহারাজ বাহাদুর থাকবেনা?

বাশী আমরা মহারাজ বাহাদুর কইমু না?

কাশী ক্রমে—ক্রমে—এখন একেবারে সব খেতাব দেওয়া হয় না, সাল সাল কিস্তিবন্দি হয় তা ভয় নেই সনন্দে রাজা থাকুক পাঁচজনে আপনাকে মহারাজ বাহাদুর বলেই ডাকবে এখন বাসার দিকে যাবেন কি? আমিও একবার জেলেদের দেখে যাই, সাহেবের সওগাদের মাছের কি করলে

গাণিক্য অয চলেন। রাজা অইমু রাজা অইমু! বাশী-মোহনরে এতদিনে গাণিক্যদনের জন্ম সফল অইল, রাজা অইল রাজা অইল।

বাশী। রাজা অইলেন রাজা অইলেন!

[সকলের প্রস্থান।

দ্বিতীয় দৃশ্য।

পুষ্করিণী।

জেলে ও জেলেনিগণ

(গীত)

সকলে গেল গেল গেল গেল বেলে মাছটা পালিয়ে।
জেলেনী জলে উলে খুব চলান্‌টি গেলি জেলে ঢলিয়ে॥
জেলে। মিছে বকাস নেকো ভাই, ঐ রুই মাচ্ছে যাই,
জেলেনী তোর হালকা কাঁটি ছোঁয়না মুটী ও ই মাছ পালাচ্ছে তলিয়ে॥
জেলে। শোন্‌লো সাইত্তিব মেয়ে, দেখলো বৈঁউতি বেয়ে,
চিঙ্গড়ী ফিঙ্গড়ী পড়ে যদি জালের ফাঁকে গলিয়ে॥

জেলেনী তোর খ্যাপলা খেলেনা তাই কাৎলা মেলেনা
সকলে আজ যা করেন মা মোচাছেঁচকি, বাবুর কপালে নেই কালিয়ে

জেলে ও বৌ, খালি পাগ্‌লামো সার হ'ল, দীঘি যে খ লি, একটা চুনোপুঁটীও নেই, এত মাছ সব গেল কোথায় ?

১ম জেলেনী তুই মিনষে যেমন বোকা, এ সব যে ইংরেজ টোলার মাছ, গর্‌মির সময় পাহাড়ে হাওয়া খেতে গেছে এখনও ফেরেনি

জেলে দূর পাগলি, মাছ জলে থাকে তার আবার গরম কি ?

১ম জেলেনী তুই কিছুই জানিসনে, মাছতো জলে থাকে, ইংরেজ টোলার গৌড়ি গুগলি পাঁকে থাকে, তাদেরও গরম হয়, ঠাকুরও দোলে ওঠেন তারাও পাহাড়ে ওঠে।

২য় জেলে তা নয় তা নয় এর ভেতর বোধ হয় কারচুপি আছে ; আমি হক্‌সাহেবের বাজারে মাছ বেচি, আইন কানুন সব জানি, আমার কাছে সব শোন্, এ সব হাপিস পাড়ার মাছ, এদের সব ইন্‌কম্ ট্যাক্স হয়েছে তাই ধোরে নিয়ে গেছে

৩য় জেলে ভাল বলেছিস মেজ তালুই, কথাটা লাগলো বটেক্, ট্যাক্সর জন্তে ধরে লেগেছেই হবে, দেখছি খানকতক আঁস ছাড়িয়ে তবে ছেড়ে দেবে, কিছু হাল্‌কা হ'য়ে পড়বে দেখছি।

১ম জেলেনী দাদাশ্বশুর তার জন্তে ভেব না, হাল্‌কা হয় আমি জল বালি ভরে দাঁড়িতে চড়াব

১ম জেলে সেতো দাঁড়িতে চড়াবি যখন মাছ পাবি, এখন বড়দিনের বাজার মূলে মাছ নাই বাবুরা খাবে কি ?

১ম জেলেনী। দশরথের ব্যাটা চুড়োবাঁধা পাখী, বাবুরা খাবে কি!

জেলেনিগণ রয়েছে কোঁকোর কোঁ। রয়েছে ঘোঁৎ ঘোঁৎ বাবুরা গিলবে কোঁৎ কোঁৎ!

৩য় জেলে চল্ চল্ এখন বেলা গেল জাল গুড়িয়ে যবে চল্।

১ম জেলে তাইতো খালি জাল—

২য় জেলেনী হ্যাঁ হ্যাঁ শুধু তোর নয় এখন চারদিকেই খালি জাল; বড় বড় হুম্‌রো চুম্‌রো বাবু তাদেরি সব জাল, জেলের জালে আর কুলোয় না।

৩য় জেলে নাতবৌ বড় হেঁয়ালিই বল্লি; আমি যদি ইঞ্জিরি জানতুম্ নাতিকে গুলি করে তোকে বিধবা বে করে ফেলতুম যা বল্লি চারদিকেই জাল

জেলে জেলেনিগণ (গীত)

এখন যেদিকে চাই খালি জাল
কি দিন পড়েছে বিষম কাল।
কুরুচি সুরুচি ধর্ম্মে অভিরুচি, যেন ভেজাল তেলে ভাজা লুচি,
গলায় পৈতে পরে সুচি চালাচ্ছে বামুনি চাল
জাল সব ভাই ভগী আর স্বোয়ামী ভার্য্যা,
কেবল রক্ষা চক্ষুলজ্জা চস্‌মা দিয়ে চখে জাল।
সব জাল-কর্ত্তা আর জাল গিন্নি, শালগ্রাম আর পীরের সিন্নি,
ধন্নি ধন্নি ধন্নি মানি মান্নি জালের চাল
জাল যত ক্রিয়া কর্ম্ম, জালে ঢাকে শাস্ত্র চর্ম্ম,
কালের ধর্ম্মে ধর্ম্ম বুড়ো দেখ না হুড়ে নইলে হাড়ীর হাল।
জাল করে যে দেশ-হিতৈষী সাজেন সবাই মাসি পিসী,
দিশি বোলে কুলোয় নাকো, ইংরেজী গাল ঝাড়ে দেখ—
ভূতের ভয়ে জড় সড় জালে ধরে খাঁড়া ঢাল

[প্রস্থান

তৃতীয় দৃশ্য।

রাস্তা।

একজন শুঁড়ী ও বুকম্যান ফিশ্।

শুঁড়ী। কি সাহেব, কি তোমার মৎলব ?

ফিশ্ টলব্, আজ রোজ হপ্টা, আজ রোজ হপ্টা, বিল কর।

শুঁড়ী কি সাহেব মদ খেলে গেলাস ভাঙলে দাম দেবেনা, এখন গাড়গালি করে উড়িয়ে দিচ্ছ, ঐতো শালাদের রোগ

ফিশ্ Rogue! you lie you thief; don't call me names Rogue indeed the Fishes are no rogues I tell you; look in the book of the Peerage, the Chronicles, we came in with Richard Conqueror, therefore let every man be in his own humour.

শুঁড়ী বেরিগুড, ইউ নো গিভ্ মনি।

ফিশ্ No, not a dirty pice

শুঁড়ী আই গো ব্রিং পুলিস

ফিশ্ Go, fetch thy grandmother.

শুঁড়ী বেরিগুড, নো ফল্ট মাইন্, কনষ্টেবল কনষ্টেবল।

ফিশ্ Constable! that's detestable, rather bring me some nice eatable,—a plate of meat and vegetable, —I will call that palatable and thee hospitable, or else I will kick you three times thrice, that will make—make—make, ah I forget my—my—my multiplication-table.

শুঁড়ী। কনষ্টেবল কনষ্টেবল!

ফিশ্ Shut up you pig I will send you to the Devil's stable.

শুঁড়ী। টাকা নিয়ে পালাল, মেরে ফেলে, কনষ্টেবল কনষ্টেবল!

ফিশ্ Now once more, will you go and hide in thy den, or I will take the hide off your dirty carcass?

শুঁড়ী খুন কল্লে, খুন কল্লে, পাহারাওয়ালা, কনেষ্টবল!

ফিশ্। Then take that—and that—and that for your "Constable" your "Constable" your "Constable."

শুঁড়ী মধুসূদন রক্ষা কর, মধুসূদন রক্ষা কর, ও মধুসূদন! ও পাহারাওয়ালা!

ফিশ্। And take that and that and that for your grandmother; now go and be damned.

শুঁড়ী গেল গেল গেল রে, পিঠে ফুটকে গেল।

[প্রস্থান

ফিশ্ Now for home, I have a home, sweet—sweet home, the shady pagoda in the Eden Garden. Lo! What's the matter with my legs! Sure the swindler of a cobbler has stuffed the soles of my boot with some pounds of lead No—they wo'nt move; so what will be—will be—I must take my midday *Siesta* in the open air I have a right to it, am I not a rate-payer? If no voter, an under-rate-payer certainly. (Lays himself down)

Ah 'God bless the Commissioners. How considerate they are, for laying such a layer of sweet

soft nine-inches-deep dust for my comfort. What a delicious cushion for my stone couch! It is quite soporific Long live The Corporation Come sleep gently—gently—(sleeps.)

(কালাচাঁদ ও মিঞাজান খানসামার প্রবেশ)

কালা। এইখানেই খুঁজে পাব এখন, কোন না কোন একটা মদের দোকানে পড়ে আছে।

মিঞা দেখ কালাচাঁদ বাবু সব বাগিয়ে টাগিয়ে শেষ যেন ঠকো না, তোমার ফিশ্ সাহেব ব্যাট যে মাতাল, শেষ না সব ফেঁসিয়ে ফেলে।

কালা তুমি খেপেছ মিঞাজান, আমি ঠকি! চিরকালটা পুলিসে দালালি করে এসুম। রুলীদার খুড়ো আমার রাজা হ'বার জন্যে যে রকম খেপেছে তার আমি বোলচাল দিয়ে য ঠিক করেছি, দশ হাজার টাকা তো হাতিয়েছি। এক ব্যাটা সাহেবকে খাড়া না কর্লে নয়, তাই ঐ ব্যাটাকে যোগাড় করা

মিঞা তা ব্যাটা মাতাল না হলে খুব চাল চাল্তি পাবে। ব্যাটার একদিন সময় ছিল খুব ভাল গো খুব ভাল, ব্যাটার যখন আসামের চা বাগান ছ্যাল, মোর শ্বশুর ওর বট্লের ছ্যাল যা হোক বাবু, আমায় যা বলেছ আড়াইশখানি টাকা দিতি হবে, আমি রেঙ্গুন চ'লে যাব

কালা তার জন্যে ভেব না, তোমার আড়াইশ, তোমার সাহেবের হাজার, বাকি আমার

মিঞা ঐ না বাবু একটা রাস্তায় পড়ে কে? ঐ না আমাদের সাহেব?

কালা তাই তো, সেই তো বটে ; আ মর ব্যাটা! ও ফিশ্ সাহেব, ফিশ্ সাহেব, গেট্ অপ্—

মিঞা। হয়েছে আর কি! বাবু তুমি এই ব্যাটাকে নিয়ে একটা লাট সাজাবে! লাট তোমার ধুলোয় পড়ে লাট খাচ্ছেন।

কাল। একটা ভাল পোষাক পরিয়ে একবার খাড়া কোরে দিতে পাল্লে হয়, জমীদার খুড়াকে আমি বলেছি যে, বিলেতের আসল ট্রুব্রেড্ লাটেরা একটু বেশি মদ খায়। এখন এস ব্যাটাকে ওঠাই।

মিঞা। সাহেব, উঠিয়ে উঠিয়ে, সড়কমে কাহে পড়া হায়?

কালা। ফিশ্ সাহেব, ফিশ্ সাহেব, মিষ্টার ফিশ্।

ফিশ্। For God s sake, a pot of small ale.

কালা Come come, get up, you are again drunk.

ফিশ্ Drunk! Drunk! That's quite natural, it is in our family, am I not a Fish! To drink is my birth-right.

মিঞা বাবু, ফিশ্ ফিশ্ কচ্ছে, বুঝিয়ে দাও যে, তুই এখন লাট; লাট বলে ডাক

কালা My Lord! My Lord! get up your Honor, you will drink Champagne.

ফিশ্। Go to—I am Blockman Fish—call not me your Honor nor Lordship, I never drank Champagne since I left the plantation

মিঞা ঐ গো, চাচার আমার চা বাগান মনে পড়ছে ; সে দিন আর নেই চাচা, সে দিন আর নেই. তোমায় এখন আমরা লাট বানাচ্ছি

কালা। My Lord! My Lord! Don't forget you are a lord.

ফিশ্ No- no—no

কালা Yes—yes—yes.

ফিশ্। What would you make me mad! Am not I Blockman Fish! Old mother Fish's son—of Dover—by birth a Cobbler, by education a Grocer, then by profession a planter, an honorary Magistrate by recommendation, a Debtor by dissipation, next a Rover by occupation and at present a Beggar by brandy bottle's benediction. Go and ask Gaburdawn Shaw the fat wine merchant of Radabazar, if he know me not if he says I am not fourteen annas on the score for Old Tom, score me up for the lyingest knave in Christendom

কালা। ও মাষ্টার ফিশ ছি ছি, you forget all I teach you. You are a lord, lord, lord.

ফিশ্। Am I a Lord? Then where is my Lady. or do I dream, or have I dreamt till now? I do not sleep—I see, I hear, I speak I smell sweet savour sent up from the Municipal drain, and I feel soft things, these fine dust and horse-droppings; 'pon my life, I am a lord indeed! My Lord Landless, and not Blockman Fish. Well bring our castle hither. And once again a pot of the smallest ale

মিঞা সেলাম সাহেব, এইবার তো বেড়ে খাড়া হয়েছ

ফিশ্ চুপ রাও you brute, call me My Lord—Lord Landless, হামকো লর্ড বোলা করো।

মিঞা। হুঁ, হাঁ, মাই লাট মাই লাট।

কালা Yes yes, My Lord, My Lord—এইবারে ব্যাটা ঠিক ধাতে এসেছে।

ফিশ্ হঁ হাঁ মোশা,আপনি এখন কি কাম কোবে এলি ?

কালা। ও কাম সব ঠিক, অল রাইট্ এখন তুমি অল রাইট্ থাকলেই হয়; নজরেব টাকা মজুত, বড়দিনেব সওগাদ পর্য্যন্ত পাবে, সেটা যেন বাবা একলা সাধিও না, কিপ্ সাই সেযার

ফিশ্ মিল্‌বে মিল্‌বে, তুমি কুচ্ ভাবিস না Now come on where is my Zemindar, I will make him a Rajah on the spot, I want rupee badly , Rupee—Rupee—Rupee !

মিঞা দেখেছ বাবা, খাঁটী ইংবেজ বাচ্ছা, দ্যালেব বুলি ঝাড়ছে, রূপিয়া রূপিয়া কচ্ছে

কালা। No no, My Lord, you don't go today, আজ গেলে হাল্‌কা হ'যে পড়বে, I will hire good house for you, give you good dress, সেখানে লাট সাহেবটন্ সেজে বস্‌বে, জমীদার বাহাদুরকে নজব শুদ্ধ সঙ্গে কোবে নিয়ে যাব, সনন্দেব কাগজখানি দেবে, understand sir ?

ফিশ্ Yes yes, আমি বাঙ্গালা বুঝেন বুঝেন, five years in the Tea garden, হামি কুলী লোকেব কাছে বাৎ বাঙ্গলা শিখেছিস।

কাল আব এই মিঞাজান চাচা তোমাব খানসামা, এব father-in law was your butler.

ফিশ্ Yes yes, আমি ওকে দেখেছিস। very good খানসামা Peg লেযাও।

কালা। না না, খানসামাকে আমি এখন জমীদার খুড়োর কাছে নিয়ে চল্লেম, আজ এর সঙ্গেই দেখা করিয়ে দেব

ফিশ্। Then come, stand me some drink.

কালা। এই একটা টাকা নাও, বেশি পেও না, এর ভেতর খোরাকি শুদ্ধ কর, আমি আবার দেখা করবো, সেই ইডেন গার্ডেনের প্যাগোডার ভেতর শুয়ে থেক, গুড বায়, এস মিঞাজান

মিঞা। সেলাম সাহেব

ফিশ্। Yes yes, go your way, now Babu hoist your sail and begone.

[উভয়ের প্রস্থান]।

. Now my pretty Rupee, fore-runner of the promised thousand; I will go and wet my whistle with thee in whiskey, my lovely, dear, darling luck-money; and then, I will play the pucca Lord Landless and make my Baboon of a Zemindar a Rajah Bahadoor.—Ah, what's that My old malady, scruples, pangs of conscience, mere indigestion, pranks of a deseased liver; my conscience shan't starve me neither, conscience when there is no pot boiling is a strong symptom of death. I am Lord Landless, and shall make a Rajah any body who pays me. This money must come to me.

Succeed or fail—all the same my lot.
I will subdue my conscience to my plot.

[প্রস্থান

(ফুলওয়ালা ও ফুলওয়ালীর প্রবেশ)

উভয়ে। (গীত)

আজ বাগানে ফুল তুলেছি দুজনে।
মুখোমুখি হয়ে বসে হার গেঁথেছি যতনে॥
ফুলের সিঁথি, ফুলের বালা, ফুলের চন্দ্রহার,
যুদিত কুঁদে বাঁধা বাজু বেহদ বাহার
সাধের সার গোলাপের হার নতুন ধরণে
বেণীতে বিনালে পরে মন মোহনে
উড়ে যা উড়ে যা অলি, মধু আজ দেবে না কলি,
সোহাগেতে ঢলিঢলি——
প্রিয়ারে পরাবে মালা যুবক জনে
পীরিত করে মনের দেবে কমল চরণে॥

[গাহিতে গাহিতে উভয়ের প্রস্থান।

চতুর্থ দৃশ্য।

কলিকাতার বাসাবাড়ীর বৈঠকখানা।

গাণিক্য, ভট্টাচার্য্য, মোসাহেবগণ ও পোকারাম।

গাণিক্য। ও পোকারাম—পোকারাম

পোকা। উজুর

গাণিক্য। খালি উজুর কি রে বিটা, যা কয়ে দিছি

পোকা। অয় অয়, উজুর মহারাজ।

গাণিক্য। মাষ্টর বাবু আসছিল?

পোকা। এজ্ঞে না, অ্যাহোনো তো আসেন নাই মহারাজ

মাণিক্য। ভট্টাচার্য্য একবার পঞ্জিকাখানা দেহেন তো, এ বৎসরের আমার ফলাফলটা কি

ভট্টা। আজ্ঞে মহারাজের কোন্ রাশিতে জন্ম? হাঁ, মাণিক্যধন রায়, মাণিক্য, ম—শ কুম্ভ, কুম্ভ—কুম্ভ বৈশাখ মাসে মকর কুম্ভের মহাদুঃখ

মাণিক্য। তা ফলে গেছে, উনিশে বৈশাখ, শ্যামী ধোপানী মরে, মাগীর সাথে আমার বরই প্রণয় ছিল, অমন চুল কারুর হবা না, যেন সাক্ষ্যাত মা প্রামা ঠাকুরাণ

ভট্টা। জ্যৈষ্ঠ মাসে মকর কুম্ভ মীনের লাভ

মাণিক্য। অইছে, রাইমোহন মজুমদারের বর্গীরে ঐ মাসে ষষ্টীর দিনেই বার করি, এভাবে লাভ কইতি হয়, কি বল ভট্টাচার্য্য?

সকলে। লাভ, লাভ, মহালাভ, মহারাজ যা আজ্ঞা করলেন

মাণিক্য। আবে হালে আইস ভট্টাচার্য্য হালে আইস

ভট্টা। ভাদ্রমাসে কুম্ভের মান

মাণিক্য। এডা একেবারে ঠিক, ঐ সময়ে কেলেক্টার সাহেবিরে ছেলাম করতে যাই, তিনি আমায় আদর কোরে হাতনাবা দিছলেন, আজও কব্জিটায় দরদ আছে

ভট্টা। আশ্বিন মাসে কুম্ভ মীনের সুখ

মাণিক্য। হাঃ হাঃ হাঃ আশ্বিনটা বরই সুখে গেছে, পঞ্জিকা কখন বুল নয়; কেমন হে তোমরা তো জান?

সকলে। আজ্ঞে বিশেষ জানি, বিশেষ জানি, বরই সুখ, বরই সুখ

মাণিক্য। ঘটনাটা একবার ক'য়ে দাও ভট্টাচার্য্যরে, কও বয়ীন্দ্রোড়ীর

বাঁশী আজ্ঞে অ'জ্ঞে, কও ন' ব'ধিক'চর'।

পরস্পরে তুমি কও না, তুমি কও না, বিস্মৃত অলেস

বাঁশী আজ্ঞে উজুরের নিত্যই সুখ, কোন্‌ডা কই ?

গাণিক্য সে যে বোর জোবর ঘটনা, স্মরণ হোয় না ?

সকলে আজ্ঞে না, আজ্ঞে না

গাণিক্য তোমরা তো অতিশয় ব্যাকুব

সকলে মহারাজ যা আজ্ঞা করলেন, মহারাজ যা আজ্ঞা

গাণিক্য গাধা

সকলে তার আর সন্দ কি, তার আর সন্দ কি মহারাজ !

গাণিক্য আরে মুর্খ, বোর তরফের নাবালক যে ঐ মাসেই ওলাউঠায় যায়, এডা সুখ নয় আমার পক্ষ ?

সকলে। বোরই সুখ মহারাজ, ওলাউঠা বোরই সুখ।

গাণিক্য আ্যাহন হাল কিল পৌষ মাস দ্যাহ, পৌষ মাস দ্যাহ।

ভট্টা পৌষ মাস—পৌষ মাস—পৌষ মাসে মকরকুম্ভমীনের সম্মান

সকলে বা বা বা বা বা ! !

গাণিক্য কি, কি ; কি কইলে, কি কইলে ? সম্মান। দেহিত দেহিত পঞ্জিকা, শুক্র সৈত্য, শুক্র সৈত্য। আর কি খুলে লেখবে, গাণিক্য ধন রাজা হবা, এই জৈন্য আমি পঞ্জিকা না দ্যাহে কোন কর্ম্মই করি না মঙ্গলবার, সর্ব্বসিদ্ধি ত্রিয়োদশী ; উত্তর আষাঢ়া নৈক্ষত্র, সৈভাগ্যযোগ দেখে তবে পাচী বাইজীর বাড়ী প্রথম গৃহপ্রবেশ করি, সেও আমায় মহারাজ বোলে বন্দিকি কল্লে, অমনি বাঁশীমোহনের হাচিপরলো।

বাঁশী আজ্ঞে, আজ্ঞে (হাঁচি)

সকলে (হাঁচি)

মাণিক্য সৈত্য, সৈত্য, তার পর সাহেব যুটলো, সে একজন বিলাতের বোরোলাটেরে ঠিক করছে, তিনি আমার নজর প্রতি রাজী অইছেন, এক্কেবারে খাস কুইনীর নিকট অইতে সোনন্দ আনায়ে দিবেন

সকলে (হাঁচি)

মাণিক্য। সৈত্য, সৈত্য, এই দ্যাহ আবার হাচি পরলো।

(পোকারামের পুনঃপ্রবেশ)

পোকা মহারাজ কোর্ত্তা আসছেন

মাণিক্য। কোর্ত্তা ?

পোকা। এজ্ঞে, মহারাজ উজুরের কোর্ত্তা

মাণিক্য। আমার কোর্ত্তা ? পিতে, তিনির তো আজ ছয় বৎসর মৃত্যু অইছে, বিটা তুমি বোট্‌কিরা করবার আসছো

পোকা। এজ্ঞে, মহারাজের সাথে বোট্‌কিরা কোরে জান্ খোওয়াইবে কেডা ? সৈত্য আপনকার পিতে আস্‌ছেন।

সকলে। (সভয়ে) রাম, রাম, রাম !

বাঁশী রাম, রাম, রাম। কোলকত্তা সহরে দিবসেই বুত দ্যাহা দেয়, বট্টাচার্য্য মশায় উজুরের একটা রক্ষ্যা কবজ বাধি দ্যান্।

পোকা এজ্ঞে, বুত পিতে নয়, উজুরের সাবেক পিতে, জন্মদাতা

মাণিক্য। ও, তাই কও, কোর্ত্তাবাবা।

(মাণিক্যধনের প্রবেশ)

মাণিক্য গাণিক্যধন. আমি আসছি বাপ।

গাণিক্য। কোৰ্ত্তাবাবা তুমি দেহি বরই অসৈভ্য বেআদব।

সকলে মহারাজ কও, মহারাজ কও

মাণিক্য। মহারাজ কেডা রে? ও যে আমাব পুতি, মবিঘাটার মণ্ডলগৌব গরে দওক দিইছিলাম মাত্র।

গাণিক্য অয় অয়, দত্তক তো দিইছিলে, পাঠা গোরুর মত্ত আঁগাবে তো বাচে খাইছিলে, তোমার সাথে আমার সোম্পর্ক কি? পোকারামও যে তুমিও সে।

মাণিক্য। বোরো মুখ করে ছ্যালের কাছে আলাম, সোম্ভাষুণ তো কর্লি বাল, গাণিক্য।

বাঁশী' অ'রে, মহাবাজ কও, মহারাজারে নাম ধইবে ডাহ ক্যান্? এ কি প্রকার বেআদব

মাণিক্য আরে থাম নচ্ছার, মানুষ বুবে'রা কাবিস, আমি অলোম মাণিক্যধন মণ্ডল ওর জন্মদাতা পিতে।

গাণিক্য বাব বার জন্মদাতা কযে আমার বেইজ্জৎ কর্‌ছো বটে; জন্ম দিযে থাহ, তার মূল্য তো পাইছে, গরে বোসে তাই বাডারে খাও গিয়া

মাণিক্য খাইবার থাকলে কি আর তোর কাছে আসি, আমায় মাস মাস নিদেন পাচটা কোরে টাহা দিতি হবে, নইলে আমাব চল্‌বা না

গাণিক্য। তোমায় টাহা দিমু কিসের লেগে? গোয়াল যদি গোরু বিক্রয় করে, সে কি তার দুদির বাগ পায়? কওতো বট্টাচার্য্য, শাস্ত্র মতে উনি কিছু স্থায্য পান কি?

ভট্টা হাঁ, উনি যখন অর্থ ল'যে আপনাকে পোষ্যপুত্র দিয়েছেন, তখন আর ওঁর আপনার উপব কোন্ অধিকার নাই।

তবে যখন আপনাকে ত্রিরাত্র অশৌচ গ্রহণ কর্ত্তে হবে, তখন ত্রিশ দিনের ভিতর তিন দিনের হিসাবে হ'ল—

'অর্দ্ধেক পঙ্কেতে তার, তেহাই সলিলে।
দশম ভাগের ভাগ সেহালার দলে ॥"

পাঁচ টাকা চাচ্ছেন, আট আনা মাত্র দিতে পারেন দশম ভাগের ভাগ ওঁর প্রাপ্য।

সকলে (হাঁচি)

গাণিক্য। সৈত্য সৈত্য, হাচিও পরছে, শাস্ত্রেও আছে, আট আনা কবে পাবা, রাজধানীর কাছারী আসে মাস মাস ল'যে যাইও, আমি রোকা দিবানে, অ্যাহন যাও

মাণিক্য যাব কনে? আজ রাতে অ্যাহানেই আহারাদি করবু।

গাণিক্য। আরে না না, ও সব ল্যাঠায় আর কাম নাই

মাণিক্য আরে গর্ব্বস্রাব, বাপেরে দুটা খাতেও দিবি না? বট্টাচার্য্য তোমার শাস্ত্র এবার কও, ক মুঠা দিতি পারে?

গাণিক্য বট্টাচার্য্য তোমার পিণ্ডের ব্যবস্থা দিবেন, অ্যান্নের ব্যবস্থা উনি কি কইবেন? পোকারাম পাচটা পুইসা দিয়ে বিষ্ণুঠাহুরের বাতের আড্ডাটা দ্যাহায়ে দাওতো .

মাণিক্য. হোটল মোটল আড্ডা ফাড্ডার বাত্ত কি আমি খাতি পারি? ক্যান, তোর সাথেই দুমুঠা খালাম, তাতে আর দোষ কি?

গাণিক্য। আরে কোথাকার ডিমের বাপ আসি বোরোই বকালে-দেহি; দোষ কি, দোষ তোমার মাথা, আমি আর সে 'নেবলা খেবলা' গাণিক্য নই, আমি অ্যাহন রাজা অইছি; অ্যাহানে

কোলকত্তার কয়েক ভোদ্র ব্যক্তি আমার সাথে আজ রাতে আহার করবোন, তুমি গেলা রতি পাবানা

মাণিক্য ক্যান রে, তোর বাপ কি অবদ্দব ?

মাণিক্য তোমার চেহারা অতি নোংরা, কোলকত্তার বদ্দর সমাজে চলবা না।

মাণিক্য উঃ বাদীর বিটা আমার কি খাপসুরৎ ?

মাণিক্য মহারাজ মাণিক্যধনের চেহারা খাপসুরৎ কি না তা কোলকত্তার হক্কল বদ্দরই জানে ; পুচ্ কর যাইয়ে পাচী বাইজীরে, মুচি উমার ছুকরী নিস্তারেরে, হারকাটার সোণারে, সা'ব তুলসীরে, গোদামুখী মোক্ষদারে, যাও হক্কলেরে জিজ্ঞেসে আস ; মাণিক্যধনের চেহারা কেমন,—

সকলে সাইক্ষাৎ রতিবিলেস—

মাণিক্য। মান কত বোঝবা, থাহ সেই বাঙ্গালা দেশে পইরে, পাচটা মায়েমাহুষের কাছেতো সৈভ্যতা শিখলা না

মাণিক্য ও বাদীর বিট গর্বস্রাব, হারামজাদ, বেয়াদ্দার, বাপেরে ও কি কথা কোস্ ?

মাণিক্য দেহ কোর্তাবাবা, কিছু বলি না কোরে বারবার বরই গাল পারছো, তুমি হালা হমুন্দি বাইবাতাগির বাই, নয় পিসাঠাকুরের জোবানি কইলাম, কেমন কওতো হক্কলে, কইতি পারি কিনা ?

সকলে। পারেনই তো পারেনই তো, স্থায্য স্থায্য।

মাণিক্য ও বুতির পুত, একিবাবে পোলায় গিছ ? রও হালার ছাবাল, দ্যাশে যাইয়ে তোমার না একগরে করি, তো আমি আগুরি হিতি থারিজ। তোর বারীতে আমি প্যাচ্ছাব কোরে দিই, হুয়ার, বক্কক, বান্দর, বুত, উল্লু। (গমনোদ্যত)

রাণী । পাক্‌বা কব, পাক্‌বা কব, মহারাজেরে গাল দিয়া পালাইছে

মাণিক্য । বাতি দাও বাতি দাও

(কালাচাঁদের প্রবেশ)

কালা । কেল্লা মার দিস, কেল্লা মার দিস্

(পরস্পরের ধাক্কা লাগিয়া মাণিক্য ও কালাচাঁদের পতন)

মাণিক্য । হালার পুত কেডাবে, কেডাবে, জবাই করলে, জবাই করলে

কালা । আমার ব্যাটা মড়িপোড়া, নাকটা একেবারে ভেঙে দেছে, ছাড়্ ব্যাট ছাড়্

মাণিক্য । আগে তুই বিটা ছাড়

কালা । তুই ব্যাটা ছাড়্

মাণিক্য । ছারান দ্যান মাষ্টর বাবু ছারান দ্যান, ও আমার পুরাতন পিতে, বরই অনৈক্য, দুই একটা ধাকা ফাকা দিয়ে তারায়ে দ্যান, অধিক কিছু বলবান না।

কালা । পুরাতন পিতা, ওল্ড ফাদার, এখানে কি করতে এসেছিলে বাপ ? রাজা রাজড়ার কাছে কি বাবাগিরি চলে ? দেশেগে গামলা চড়াগে

(ধাক্কা মারিয়া বহিষ্করণ)

মাণিক্য । ঠাণ্ডা হোন, ঠাণ্ডা হোন, মাষ্টর বাবু, সংবাদ কি কন ?

কালা । সংবাদ আর কব কি হুজুর, কেল্লা ফতে করেছি, সাহেব আজ একবারে বিগড়ে গিয়েছিল।

গাণিক্য। অয় সর্ব্বনাশ, ও বাশীমোহন, বট্টাচার্য্য, মাষ্টর কয় কি!

কীর্ত্তি। ও বাশী খুরা, এবার কি করি? হাচি কি তুমি মাবি?

বাঁশী চুপ দাও চুপ দাও, কিছু বুঝছি না

গাণিক্য। ও মাষ্টর, সাব বিগ্‌রাইছে, অ্যাহন উপায়?

কালা ভাবেন কেন? বলুন না কেল্লা ফতে করে এসেছি, বড়দিনের ভেট্‌টা ভাল বকম দেব বলেছি, আর ঠাণ্ডা হয়ে গেছে।

গাণিক্য অ্যাহন আমি বাজা অইমু, অইমু?

কালা। হ্যাঁ, হবেন হবেন।

গাণিক্য রাজা অইমু?

কালা হবেন

বাঁশী আবে হাচ হাচ

সকলে। (নাকে কাটী দিয়া হাঁচি) (কীর্ত্তিবাসেব ভুড়ি দেওন)

বাঁশী কীর্ত্তিবাস খুরা হাচলা না? তুমি মারলে যে?

গাণিক্য। কীর্ত্তিবাস খুবা, তুমি হালা অত্তি পাজী, র‍্যালেব মাশুল লয়ে আজি দ্যাশে বওনা হও।

কীর্ত্তি উজুব। বেয়াদবি মাপ হয়, নাকের মধ্যি একটা গা অইছে আবাব খোচাখুচি কর্‌লে রক্ত বার অইতো, তুমিও শুব (জনান্তিকে) বট্টাচার্য্য মশায়, একটা শোলোক বলেন, এ যাত্রা রইক্ষা করেন

ভট্টা। হাঁ, হাঁ, ডাকের বচন আছে—

হাঁচি পড়ে তুড়ি মারে কিসের কসুর।
রাজা হবে থাড়া থাড় ভেব না শ্বশুর

তুড়িতেও দোষ নাই

কালা। তা চলুন, কাপড় চোপড় ছাড়ুন, বড়দিনের বাজার করতে চলুন, বিস্তর ঘুরতে হবে

মাণিক্য। হাঁ, চলেন। পোকারাম!

পোকা। এজ্ঞে মহারাজ

মাণিক্য। আমার বারাইবার কাপর চোপর কনে রে?

পোকা। এজ্ঞে তাইতো ভাবছি, দোবাতো অ্যাহন আলনি, হাতী-পাইরে ধুতি তো তারি কাছে রইছে।

মাণিক্য ওরে হালা, বারাইবার সময় দোবা কইলি ক্যান্?

ভট্টা। কাপড় ছাড়বে যখন।
রজক ডাকবে তখন।

তাতে দোষ নেই।

(ধোপানীর প্রবেশ)

(গীত)

মুখপোড়া লোকে মুখ দেখে না সকালে।
নইলে ধুয়ে আনতুম কোন্ কালে
ভ টাজলে কাচ, চোরকাটা বাছ,
সাজিমাটির নয়কো ভাটী, ধোয়া সাবান জলে॥
বড় সায়েস্তা মিস্ত্রী করেছে চেপে ইস্ত্রী,
দস্তুরমত পাটায় ফেলে আচড়েছে তালে তালে॥
এখন ইংরেজী পিরাণ, আর ধোয়া ধুতির মান,
ঝুলিয়ে কোঁচা, বেরোও রাজা, চাক-চিকনে সবাই ভোলে

[প্রস্থান

মাণিক্য পোকারাম! কাপর চোপর বুঝে লও, দোবা

বৌদি একটু যত্ন কবিস, মুখখানি বেশ সবর, চান পারা, আব আমাব বারাইবাব ঠিক কর

পোকা এজ্ঞে যাই, মহাবাজ !

গাণিক্য। হান্তি পাইড়ুর ছুতি খানা জেকোচ্চা করিস—

পোকা এজ্ঞে

গাণিক্য। আরে শোন্, পাঞ্জাবি জামাটা গিলা কব্‌বি—

পোকা। এজ্ঞে, মহাবাজ

গাণিক্য আরে দারা বে, বেশ্‌মি ওয়াস্‌কোট্‌টা দিস্, আব পায়তাবা।

পোকা। এজ্ঞে উজুব

গাণিক্য আব কালাপশুব কামকবা ওরনাখান দিস; কি বল মাষ্টব, কি বল হক্কলে? সাল লইলে অইক্ষ সব পোশাক, গরি চ্যান তো দেহা যাইবে না।

সকলে ঠিক কইছেন উজুব।

ভট্টা হাঁ—পোশাক যদি ঢাকা পড়ে

দেখবে না নব বানবে এ খনার উক্তি

গাণিক্য ওবে, দোর দিস ক্যান্? দারা বে, শোন্, সেই দেউলমুখা ছবিগাছাটা আতব মাথায়ে দিবি, চল হক্কলে, দুর্গা দুর্গা।

সকলে দুর্গা দুর্গা

কীর্ত্তি। (হাঁচিয়া) এইবার আমি অগ্রে হাঁচছি।

গাণিক্য। হালাব পুত হালা, ডান পা বাবাতেই হাচি?

কীর্ত্তি ভট্টাচার্য্য বক্ষা কর।

ভট্টা। যাবার বেলা পড়ে হাচি

ধনে ধান্যে বোঝাই গাচা—

না না, বিস্মৃত হয়েছিলেম,

যখন বেলা পড়ে হাঁচি

ভালবাসে বাইজী পাঁচী ॥

মাণিক্য। (হাস্য) কও বট্টাচার্য্য, খোদনা পাচী বাইজীর কথাও লিখে গেছেন। দ্যাহ, দ্যাহ কইছিলাম বাইজী আমার মুনিয়াদি, দ্যাহ কতকালের, খোদার আমলের লোক

কালা। চলুন চলুন, দেরি হলো।

সকলে। দুর্গা দুর্গা।

[সকলের প্রস্থান।

পঞ্চম দৃশ্য।

মিউনিসিপ্যাল বাজার-সম্মুখ।

কাবুলে মেওয়াওয়ালাগণ।

(গীত)

বাবু বেড়ান বেড়ানা

নোকরকা নেহি ব্রেং আমীরকা খানা ॥

কাবুলকা বাচ্চা, বোলতেহঁ সচ্চা,

আচ্ছা আচ্ছা মাল হামমে রেলপর আন ॥

কিয়া মেহেরবানি ভেংলে কেয়সা খোবানি,

বেইমানি নেহি সব এহি নমুনা ॥

আখরোট, কটাকট, খাট্টা মস্কট,

দামমে চড়া, বাদাম বড়া,

সট্টা পিট্টা আঙ্গুর লায়া, আউর চাল গুজিয়া,
বোখারেকা আল্‌বখেরা নেহি বেগানা॥
মিস্‌কা পিয়াবা, কিস্‌মিস্‌ ছোহারা,
ডিশ্‌মে মিলানা চেহারা হো বাগা বনা॥
বিল্লি লায় বিবিকা লিয়ে, গোলাব পশম বাবু কি লিয়ে,
মেও মেও মেও মেও, ওহো ক্যায়সা মিঠা বতানা॥

[প্রস্থান।

(ভিস্তি ও মেথরাণীর প্রবেশ)

(গীত)

উভয়ে। হুকুমদার কমিসনার
হরদম্‌ রহেগা সাফা সহর বাজার॥
ভিস্তি। ঝপা ঝপ্‌ ঝপ ঝপ্‌ ঝাড়ু লাগাও,
মেথ ঝপা ঝপ্‌ ঝপ ঝপ্‌ পানি ছিটাও,
ঘুম্‌কে ঘুম্‌কে মিঞা ইধার উধার॥
উভয়ে। এইসা এইসা হাঃ হাঃ কেয়া মজাদার॥
ভিস্তি বড় রসিয়া হো দেলখোশ্‌ মেথরাণী,
ক্যা আপশোস্‌ নেহি তু মেরা রাণি,
নিক বনেতো সব উড়ায় দেদার॥
উভয়ে আবে জোরসে লাগাও ঝাড়ু, দেখে জমাদার॥
মেথ। তু আপনা মোসক্‌ হেলাও, নেহি আসক্‌ চালাও,
জানেগা গোসা হোগা মেরি মেথর
উভয়ে। আবি নেশামে পড়া হ্যায় ওহি নোকর॥
তব হেলকে দুলকে ঝাড়ু লাগাকে,
ঠমকে ঠমকে মিঠা পানি ছিটাকে,
ফরাক সড়ক ছে ড়ে চল যাঁহা আঁধার।
হরতি পিরিতিমে নেহি থোড়ি গুনাগার॥

[উভয়ের প্রস্থান।

ষষ্ঠ দৃশ্য।

মিউনিসিপ্যাল বাজার।

গাণিক্য, কালাচাঁদ, ভট্টাচার্য্য, বাঁশীমোহন, কীর্ত্তিবাস ইত্যাদির প্রবেশ। দোকানদারগণ উপস্থিত।

ভট্টা হ্যাক, থু, থু, রামচন্দ্র, রামচন্দ্র।

গাণিক্য গোবিন্দ গোবিন্দ, মহাপ্রভু এ কোথায় আলাম! মাষ্টর বাবু, এ আন্‌লা কোথানে।

কালা নাকের রুমাল খুলুন, আর ভয় নেই, মাংসের দিক ছাড়িয়ে এসেছেন, এখন দেখাব ফল, ফুল, মাছ, তরকারি, সৌখিন জিনিস,—যা খুসি কিনুন

গাণিক্য এক একখণ্ড ঠ্যাং ঝুলায়ে রাখছে—কি বৃহৎ! কেমন পাঠা?

কালা। ও সব পাহাড়ে পাঁঠা, পাহাড়ে পাঁঠা

বাঁশী আর পাহারে পাঠা, ইয়ারে কোন্ বাজার নি কয় মাষ্টর বাবু?

কালা বাঁশীমোহন বাবু, জান না এ যে মিউনিসিপ্যাল বাজার

বাঁশী। মুন্‌সীপালের বাজার।

গাণিক্য। মুন্‌সীপাল থাহে কনে? কার পুত্তি?

কালা। আজ্ঞে মিউনিসিপ্যাল, তার বাপ মা নেই।

গাণিক্য। ও তাই কও, তোমার মুন্‌সীপাল বাওয়া ডিম্ব, হাই বাজার বসাইছে, না কোসাইখানা বানাইছে

ভট্টা। হুজুর ওদিক ছেড়ে দিন, এ দিকে দেখুন, কি চমৎকার ফলাদি, কি বর্ত্তমান রম্ভার কাঁদি—আহা!

দেখবে আর খাবে কলা
দিব্বি দিয়ে খনার বলা

গাণিক্য। কও বট্টাচার্য্য, খোনা বক্তা বইক্ষণ কববার জন্ম এত দিব্য দিলেন ক্যান্

ভট্টা। আজ্ঞে হুজুর, নানা মুনির নানা মত, এর দুই অর্থ আছে, বিষ্ণুশর্ম্মা বলেছেন যে, কলা খেয়ে ফেল্লে, আর কেউ কলা দেখাতে পারে না, আর ডাকের উক্তি—

কলা খাইল যত বান্দর
রাজ্য পাইল রামচন্দর

বাঁশী। ডাকতো বরই বলছে? বট্টাচার্য্য ঠাকুর, অ্যাহন আমরা তো কলা খাইলি উজুর রাজা অইতে পাবেন?

গাণিক্য। অয় অয়, সবাই কলা খাও, আইস বট্টাচার্য্য, মাষ্টার বাবু, কীর্ত্তিবাস খুরা, বাশীমোহন, হক্কলে কলা খাইবে আইস।

কীর্ত্তি। কলা তো আমার খাইবার নাই, কোর্ত্তার পিণ্ড দিতে যাইয়া আমি তো কলা গোদাধরের পাদপদ্মে দিয়া অইছি।

গাণিক্য। এ হালার কীর্ত্তিবাস খুরারে কোলকত্তায় লইয়া আইলাম ক্যান্? বাদির বিটা একটা কলা খাইয়া উপকার কববার পার না? কি বস্তা পিণ্ড দিয়াছিলা?

কীর্ত্তি। আইজ্ঞা, নামতো স্মরণ অইচে না, পাকাকলা।

গাণিক্য। আইস হালার পুত আমার সাথে, কাচা কলা খাওযাইমু তোমায় হালা

কালা। আজ্ঞে চলুন চলুন, যে সাহেব বিবির ঝাঁক—

দোকানদারগণ । (গীত)*

হকসাহেবের *কের বাজার ক্যাবসা জমক জাঁক ।
আয় খদ্দের চলে আয় দেদার ঝাঁকে ঝাঁক ॥
ফুলকপি ওলকপি গাজর সালগম,
কমলা বাতাপি পাতি অকালের আম,
কেয়াবাত কেয়াবাত ওহো দেখলে লাগে তাক ।
ঝুঁপো ওঁপো কুপো দিনসে হেথা চলে আয়,
তোর গোঁফের মত যে চা চিংড়ি গড়াগড়ি খায়
আয় আয় তোর চাউনি দেখে, বুঝছি বটে আমার পাটায় টাঁক্ ।
গোলআলু বরবটী পাটনায়ে কলাই শুঁটী,
কাটা-ফেলা ভেটকি চ্যাটাল সরল পুঁটি,—
বালির পটল প্যাজের কালি ভাল চিনের মুলো,
দাগা কাঁটা কই পযজারে কই ডিমুলো ডিমুলো,
টাকা ফেলনা বাঁকা কেন্ না খাচ্চ কেন সুরং পাক ।
ট্যাংরা নিসে খ্যাংরা-খেকো নইলে মুখে দেব খাক্ ॥

মাণিক্য । ও মাষ্টর বাবু এ যে বাশবাগানে ডোম অইলাম, দিশাহারা লাগে দেহি

কালা হুজুর, এ বাজারে সাহেব বিবিরা থৈ পায় না, তা আপনি আমি !

বাঞ্ছা । মাষ্টর বাবু, এহানকার নক্সাতো বড়ই দেহি, আধ পইসায় ছয়টা মুলা হাটেরে মিলে, যেই হালার মুলা, এহানে খেতপ্রান্তরে চরে চিনের মুলা দারাইছে, আষ্ট আনা জোরা বিকাইছে ।

* শ্রী[illegible]কর দোকানিগণ স্ব স্ব বিক্রেয় দ্রব্য বুঝিয়া এই গীতটী, সংক্ষেপে [illegible] কাটিয়া গাহিবে ।

কীর্ত্তি উজুব, সর্ব্বনাশ অইছে, মাষ্টর বাবু, ও ভট্টাচার্য্য আমার মুণ্ড খাইছে।

মাণিক্য। এই লও হালা চিচাইছে ; অইল কি ?

কীর্ত্তি। আমার মাথা খাইছে, গাঠে অইতে আমার সুকিটি কাটি লইছে ; গাবোযানের সাথে কাজিয়া কোরে কাল একটা ছুকি দস্তুরি পাইছিলাম, কাটি লইল, কাটি লইল

মাণিক্য। কীর্ত্তিবাস খুরা, তুমি হালা অতি ব্যাকুব বাঙ্গাল, কোলকাত্তায় আসে গাট কাটাইলে ; আমাগোব শুদ্ধা ব্যাকুব বানাইলে।

কীর্ত্তি। ওরে চৌকিদার গাট কাটি লইছে চৌকিদার—

[গোল করিতে করিতে সকলের প্রস্থান

সপ্তম দৃশ্য।

রাস্তা।

(ফিশ্ সাহেব ও কালাচাঁদের প্রবেশ)

ফিশ্। Well well Babu, how do I look in my new suit ?

কালা। ওঃ চমৎকার। Grand ! Bravo আর যে ফিশ্ সাহেব বলে চেনা যায় না

ফিশ্। Do you know Babu, there is a most potent power in a person's clothes ; strong congeniality between dress and spirit ; call it sympathy, electricity, magnetism, or whatever you choose,—a tailor

exerts more influence on the soul of a man than a parson

কালা। ঠিক ঠিক সাহেব, পোষাক ছুরস্ত থাকলে মনেরও ফুর্ত্তি থাকে You look quite smart now

ফিশ্ My dear fellow, time was when I used to dress quite smart and cut the swell in the plantation, but nothing improves by age, that I know of, except rum But it seems I have not lost much of the polish I have picked up in good society. Oh Babu—Babu—Babu—what I was and what I am! Drink—Drink—Drink has brought it all! I Blockman Fish, once the Nabob of Assam, now a loafer in the streets of Calcutta, a swindler from necessity, a tool at your hands, you dirty black slave,—no offence Babu I beg your pardon, I did not mean what I said. Oh Wine has brought my ruin. The liquid fire! The distilled damnation!

কালা। Don't be sorry sir, don't be sorry, all will be right; এইবার ত হাতে টাকা পাচ্ছ, আবার গুছিয়ে উঠে যেমন ছিলে তেমন হওনা, অমন কাঁহুনে সুর ধরোনা। সনন্দ দেবার সময় মেজাজ ঠিক রেখ।

ফিশ্ ওসব ঠিক রহেগা—you don't know half my accomplishments, wait till I see my Zemindar, and I will show you, how I used to bark at my Coolies in the plantation; but I hope nothing serious will come of this, no *golmal* or Police business.

কালা। না সাহেব না সাহেব, don't fear এ সত্যি সত্যি তেমন জুয়াচুরি হলে কি আর তার কাযে হাত দিই, এ

একটা fool, ভূত, সামান্য একটু জমীদারি আছে—আধুনিক, জাতেও ছোট, কেউ চেনেনা, শোনেনা, জানেনা; দেখেছে পাঁচজন বড় বড় জমীদারে গবর্ণমেণ্টের কাছে রাজা খেতাব পাচ্ছেন, কলকেতায় কোতো বাবুগিরি কত্তে এসেছিল, বেশ্যা বেটীরা টাকা ভোগা দেবার জন্যে "রাজা রাজা" করে, তাই রাজা হবার জন্যে খুব খেপে গেছে; রাজা অমনি হলেই হোলো, বনেদ চাই, বনেদ চাই। তেমন সত্যি সত্যি ভাল জমীদার হলে আমি কি এ কাজে হাত দিই, আমার ভয় নেই সাহেব!

ফিশ্। Well Kalachand, I must take another glass to steady my nerves.

কালা। না সাহেব আর খেয়ে কাজ নেই, না হ'য়েছে বেশ আছে।

ফিশ্। Let me see Am I to have another glass or not? My head says no, my stomach says yes; but my head is the more sensible of two, and the more sensible party always gives in. Ergo! I will have another.

কালা। না না সাহেব চল শীঘ্র চল, দেখি হ'য়ে যাচ্ছে, এই বেলা বাড়ী গিয়ে ঠিক ঠাক হ'য়ে বস্‌বে, খুড়ো আমার এতক্ষণে বাসা থেকে বেরুল

ফিশ্। No I must have another glass; there hangs the sign of a native grog shop, go and bring me a bumper.

কালা। নেহাত ছাড়বেনা সাহেব, তবে এইখানে দাঁড়াও, আমি চট করে আসছি।

ফিশ্। I must plunge my palpitation into a pottle of potation, that's the only panacea for all panic My conscience ! shut up all your doors, save the pecuniary one. I want gold—gold—gold. Gold ! Gold ! For thee what will man not attempt ! For thee to what degradation will he not submit ! For thee what will he not risk in this world, or prospectively in the next !—Industry is rewarded by thee, enterprise is supported by thee, crime is cherished, and Heaven itself is bartered for thee ! Thou powerful auxiliary of the Devil ! One tempter was sufficient for the fall of man, but thou wert added that he might never rise again. The thirst for gold and a golden country led me on, and in these scorching regions I came to worship Mammon ; but the curse of Britain followed me, and I drank—and drank till I fell. Oh ! if there is any Power who looks after this world, will He kindly tell me what I have done, what *have I done* ;—except drink

(কানাচাঁদের প্রবেশ)

কানা। Now Sir, drink and come along, বড় দেরি হ'য়ে গেল

ফিশ্। Ay ! Ay ! hand me the glass, the generous—the murderous fluid. Now we are after humbuging a fellow creature, all fool though he may be ; (adressing the glass of Spirit) my Evil Genius ! help me to invoke Humbug to my aid.

Imperishable, Glorious and Immortal Humbug.

Hail! Thee I invoke and charge thee to appear in the name of all thy favourite works. Thy great men's promises, thy women's smiles, thy Municipal Corporation, thy social reformation, thy religious duty, thy political unity, thy charitable society—appear Humbug. By thy universal brotherhood, thy patriotic mood, by lawyers' bills by doctors' pills, by newspaper puffs and newspaper reports, by moral discipline and patent medicine, descend, Humbug, descend! Lead on, lead on Kalachand, I am possessed of Humbug.

কালা। চল [illegible] চল চল

[উভয়ের প্রস্থান।

(মাণিক্যধনের প্রবেশ)

মাণিক্য। হালার পুত, তোর গর্ব্বদায়িনী আমার সোহোদর্ম্মিণী, আমি তোর জন্মদাতা, বাপো গব দেহে দত্তক দিলাম, অ্যাহন টাহার মাচায় বোসে বাপেরে দাও খেলায়ে! আমার চেহারা নোংরা, আমার বাসায় দ্যাখলে হালার আমার অংশান অইবে, গর্ব্বস্রাব, বাপেরে বাপ বলতি সরম পায়, বাদীর বিটা রাজা অইবার লগে কোলকত্তায় আসছেন, তবে রাজা অইবে কার মুণ্ড খরিদ করবা? কোম্পানীর ঘরে টাহা আমানত করিছি রাজংদ পায়, রাজা তো অ্যাহন সবকে গরাগরি খায় হও হালা রাজা, চাদার খাতার, ভাবায় তোমারে পিলুরি বানাইবে। ম্যাজাজ অইছে, হালার পুতির ম্যাজাজ অইছে, কোলকত্তার বন্দর ব্যক্তির সাথে পোরচয় অইছে, বন্দর ব্যক্তি হালার যত কসবি। ও কেড আসে? ও কারা ওরা? আমাগোর পূর্ববদেশীয়া স্ত্রীলোক না দেহি গঙ্গাস্নানে আইছে?

(কতকগুলি স্ত্রীলোক ও পুরুষের প্রবেশ)

(গীত)

(ওমা) গোমা তোর রাঙ্গাপায়ে দে জোননী স্থান।
পাপের বর্ধা খালাস কোরে দেহ গো মা পেরাণ ॥
এক হাতে হস্ক বাজে অইন্ন হাতে গোণ্টা,
তপ কোরে বগীরথের হকাইল কোণ্টা,
তবে মা তুই মর্ত্ত্যে আলি কর্ত্তি নরে ত্তেরাণ ॥
বাজে ধুমুকিটীতাক্ ধা কিটীতাক্ ধা খেড়েনাক্ খুরা—
কোরে দে কোরে দে মা গো পাপেতে ঘিরা—
আমচুরি জামচুরি কাঠালচুরি—
আর বাদর মাসে চাষের ক্ষ্যাতে কর্‌ছি চুরি ধান।
উলু উলু উলু হক্‌লেতে দাই, টুপ্ টুপ্ টুপ্ ডুব দিয়ে নাই
— পাপের মুথা চাবায়ে থাই কোরে গোঙ্গাচ্ছান ॥

১ম স্ত্রী ও সুধারাম কোর্ত্তার বাসার ঠিকানাটা কনে সুধাও না, ঐ না, কে একজনা মানুষ দারায়ে রইছে ?

সুধা কারে কি পুছ করি ? এ সহর কোলকত্তা, আমি ছ্যাইলে মানুষ, ছ্যাইলে দরায় দোরে নে যাবে।

১ম স্ত্রী বাল বান্দরেরে সাথে কোরে আন্‌লা মনসাঠাক্‌রাণ।

মনসা ঠাকুরকন্যা গোসা কর ক্যান্ ? তুমি না হয় পুছে কব, সুধারাম বিটা মানুষ মুখচোরা।

মাণিক্য কন্ থে আসছো কও, তোমরা আপনারা, তত্ত্ব কর কার ?

১ম স্ত্রী। আপনি তো দাশী মানুষ দেহি, কইতি পারেন আমাগোর কোর্ত্তা অ্যাহানে কনে বাসা করছেন।

মাণিক্য। কেডা তোমাগোর কোর্ত্তা ।

১ম স্ত্রী। কোর্ত্তা, জমীদার মশা, নাম কই ক্যামনে?

মাণিক্য। নাম কবা না তো চিনমু ক্যামনে? একি তোমার বাঙ্গাল দ্যাশ? কোলকত্তাব কেউ কারে চিনে?

মনসা। সুধাবাম নামটি নি কও, কওনা মুরিঘাটাব জমীদার

মাণিক্য মুবিঘাটার মাণিক্য। তোমবা তাব কে বট?

১ম স্ত্রী। আমি তাব বয়ী, আমবা সব গঙ্গাচ্ছানে আস্ছি, এই মনসা ঠাক্‌বাণ কর্ত্রীও আস্ছেন

মাণিক্য অ্যা কল্লাম কি, কল্লাম কি, কিটার বোউরে মু দ্যাখলাম্, বিটার বোউরে মু দ্যাখলাম্, মাণিক্য যে আমাব পুত্তি আমি যে তাব পুরাতন পিতে মাণিক্যদর্প মুণ্ডল।

মনসা ও ঠাকুরকজ্ঞা কল্লাম কি, কল্লাম কি। ঠাকুব সামনে, পাছু ফিবতি কও পাছু ফিবতি কও।

১ম স্ত্রী আবে কও কর্ত্রী বোউ, আমি কই ক্যামনে, আমার তো গুরুয়া লোক

মাণিক্য। বোধু ঠাকরাণ কি মাণিক্যর বাসায় যাইবন? তা আমাব পাছে পাছে আসেন উনি আসছেন বরই ভাল অইছে, মাণিক্য কালাব পুত এহেবারে আহাম্মেগে বাতি বসছে, কোলকত্তার যত মাগীরে জুটাইছে, তারা হক্কলে উযাবে রাজা বাহাদুর কয়, ও খ্যাপলো রাজা অইব, রাজা অইব কোবে

মনসা অ্যা ও ঠাকুরকজ্ঞা, ঠাকুর অইল কি! কোন ছাবাত্তির পুত্তি আমার ছাত্তিতে বাঁশেব ছাড়া বাজলো! এমন বাইবাত্তারির বাই বাতারের আতেও পাড়লাম, সহরে আসে আমার মুরাটা চাবায়ে খাইল।

১ম স্ত্রী বাই রে, মাণিক্য রে! কোন্ ডাহিনী তোরে যাদু কয়েরে! (সকলের রোদন)

মাণিক্য আস আস অ্যাহানে কাদলে কি অইবে শাসন কর শাসন কর। আমার সাথে আস আমি সন্ধান পাইছি বিটা অ্যাহন সেই বুরী মাগীর গরে আইছে, আজ বোরদিন, সাজ গোজ করে তামসা দেখবার জন্য বার অইবে; আস আস।

[সকলের প্রস্থান।

অষ্টম দৃশ্য।

পাঁচীবাইজীর বাড়ীর সম্মুখ।

দরওয়ান, বরকন্দাজগণ, বাঁশীমোহন, কীর্ত্তিবাস ইত্যাদি।

বাঁশী আঁতৈঅ ব্রজবাসী সব বালো কোরে খারা হও না, ও জমাদার সাব বরকন্দাজদেরে সব ঠিক কোরে লও, শ্রীযুতের আসবার সময় অইছে। কীর্ত্তিবাস খুবা আজ অইল কি, এমন দিন আর অবানা!

কীর্ত্তি। আমার গর্ব্বগরিবীরে দৈখ্য! আমায় প্রোনব করছিলেন! জনম আজ সে ফল অইল, কীর্ত্তিবাসের বাইগেন শ্রীযুৎ আজ রাজা অইবেন, বাশীমোহনরে। (আলিঙ্গন)

বাঁশী কীর্ত্তিবাস খুরাগে!

নেপথ্যে ভট্টা। জলের ঝারা দাও, জলের ঝারা দাও, খুঁটা ছাড় খুঁটা ছাড

কীর্ত্তি ও বাঁশী। বার অইছে, শ্রীযুতের বার অইছে!

(পূর্ণকুম্ভ হস্তে পাঁচীবাইজী ভট্টাচার্য্য ও মাণিক্যাদের প্রবেশ)

সকলে। মহারাজ বাহাদুরের জয় জয়কার।

ভট্টা। বাইজীমাসী বাইজীমাসী। আপনি আগে সামনে ঘট ধরুন, হুজুরের বেরিয়েই যেন পূর্ণকুম্ভে দৃষ্টি পড়ে।

পূর্ণকুম্ভে পড়ে দৃষ্টি
রাজা হয় সাত গুষ্টি ॥

হুজুর হুবাদ ডান পা বাড়ান, তিনবার বাঁপায়ে পেছুন, এই এই ঠিক হচ্ছে

আগিয়ে দিয়ে দক্ষিণপা
যমের বাড়ী চলে যা
নরকেও তার নাইকো ভয়
হেঁকে ডেকে খনা কয়

গাণিক্য বাইজী আশীর্ব্বাদ কর ময়্যা, যেন বাপ্স থাকলে মঙ্গলেব হাসি হাসে তোমার দল তোমার কাছে আসি।

পাঁচী। আজ্ঞা বাবু! আপনি আমায় ছেড়ে গেলে আমি কেমন করে থাকবো?

গাণিক্য আরে ছি ছি বাইজী তুমি অতি ছাইলা মানুষ, যাবার বেলা চক্ষের জল ফেলাইতে আছ!

পাঁচী। আজ্ঞা বাবু! কত দেরি হবে?

গাণিক্য। বিলম্ব কি, এই যাইমু একবার উলসন হোটোলে কেমন বাত্তি দেছে দেখমু, কি কটই চৈরঙ্গী, সাব বাবী যাইমু, সোনন্দ আনমু, তোমার অঙ্গের দল গাণিক্য সত্য সত্যই রাজা হোয়ে তোমারে আগে বুমিষ্ট হোয়ে প্রণাম করবো।

পাঁচী আজ্ঞা বাবু। আমি উইলসিনীর বাবী আয়ো দেখতে যাব, আমায় সঙ্গে নিয়ে যাবেনা? আঁ আঁ আঁা—(ক্রন্দন)

গাণিক্য। না ময়্যা তোমারে সাথে লৈয়া সেথা কি যাতি

আছে, আমার বে-আবরু হবানা ; তুমি আমার ছাইলা মানুষ, সেথা সব সাব মেমের হল্লা, গোর গাবীর ভির, শ্যাষে কি রাজ অইতে যাইয়ে তোমায় হাবাইমু

পাঁচী অ্যাঁ অ্যাঁ আমায় নিয়ে যাবে না অ্যাঁ, আমি বুঝি পুতু কিনবোনা, খেলা করবো না—

ভট্টা পুতুল কিনে খেল করে—

মাণিক্য আরে চুপ্ দ্যাও বট্টাচার্য্য, তোমার খোনা মাথ, একেতো ছাইলামানুষ আবদার লইছে, কোতো কোরে বুঝ পারাইছি, তুমি আবার শাস্ত্র কোয়ে নাচাইতে আরম্ভণ করছো

বাঁশী। বট্টাচার্য্য এক কোলকত্তার বাঙ্গাল, ব্যাকুব!

কীর্ত্তি। গাধা, বান্দর

মাণিক্য কীর্ত্তিবাস খুরা তুমি হালা বা না কারি রতি পারনা ? ব্রাহ্মণেরে বান্দর কইলে, গর্বস্রাব।

পাঁচী। আজা বাবু। আমায় খেল্না কিনে দেবে না ? তবে আমি কাঁদবো।

মাণিক্য না মন্না কাঁদিস্ না, আমি আপন হাতে তোমার জন্য বালো বালে খেল্না আনবো, চুগী আনবো, ঝুম্ ঝুম্ আনবো, চিত্রকরা টীনের গাবী আনবো, তুমি রসি বাঁধে বাবাণ্ডায় টানি বারাইবে হাঃ হাঃ হাঃ। বট্টাচার্য্য, বাঁশীমোহন, বাইজী আমার পাগল মায়ে, কও কি কীর্ত্তিবাস খুরা, এমন ছাইলা মানুষ দ্যাখছো ?

কীর্ত্তি। হুজুর আমি তো দেখি নাই, আপনার গর্ব্বের কলঙ্ক হলো। ঠাকুরাণী অপিক্ষাও আবদারে ছাইলে।

মাণিক্য। এই এতক্ষণে কীর্ত্তিবাস খুরা একটা কথার মত কথা কইলা, হালা দেহ তো এমন কথা কও আমি সন্তোষ আছি; এইবার বাইজী আশীর্ব্বাদ কর আমি যাত্রা করি

পাঁচী হুঁ হুঁ হুঁ, আমায় নে গেল না হুঁ হুঁ হুঁ, আমি একটা কাঁটের ঘোড়া কিনবো, একটা ঘন্টা কিনবো, একটা মুখোষ কিনে মুখে দিয়ে হাউম কোয়ে মাকে ভয় দেখাবো।

ভট্টা আহা অমৃতং বাল ভাষিতং—কি মধুর!

রুচি খুকি নেকি নেকি কথাগুলি কয়

কাণে শোনে ভাগ্যমানে অমনি বাজা হয়।

পাঁচী অ্যাঁ অ্যাঁ অ্যাঁ, আমায় ভুইয়ে বেখে গেয় না, তবে—ততক্ষণ তোমার ঐ গলার মুক্তোর মালা দাও, আমি খেল্যা কোয়ে ভুলে থাকবো।

মাণিক্য। ওরে, মুক্তোর মালার জইন্য এত আবদার, তা মন্ন্যা বলনি, এই লও এই লও।

সকলে কণ্ঠিইতো দিবেন, কণ্ঠিইতো দিবেন

ভট্টা হাঁ, দিন দিন পরিয়ে দিন—

গলায় দোলায় কণ্ঠহার—

(নেপথ্যে স্ত্রীলোকগণ)—ঝাঁক মার, ঝাঁক মার, ঝাঁক মার।

মাণিক্য কেডা আসে ও হল্লা কোরে?

(মাণিক্য, মনসাঠাকরুণ ও স্ত্রীলোকগণের প্রবেশ)

মাণিক্য আস পুতির বৌ আস, এই দ্যাহ হালার নাতি সেই বুঝি মাগীর সাথে কণ্ঠিবদল করছে।

গাণিক্য কও কোর্ত্তা বাবা, আমি খুব যাত্রা করছি, এহনি রাজা অইব, তুমি কি গোল বাধাইতে আলে? এরা সব কারা?

মাণিক্য তোর শাসনকর্ত্রী মনসা ঠাকুরাণ স্বয়ং গঙ্গা চ্ছানে আসছেন; ই আর জন্মদাতা পিতে নয়, যে খাত্তি না দিয়ে খ্যাদাইয়ে দিবি, বিয়ে করা মাগু, ঝাড়ু মারবে আর কাণে পাক দিয়ে গুরাইবে

[প্রস্থান।

গাণিক্য মনসা ঠাকুরাণ, গঙ্গাচ্ছানে আইছো ছান কর্ত্তি যাও, মরকের উপর কি চলাচলি করবার আসছো; আমি অ্যাহন রাজা অইবার যাত্রা করছি

মনসা। বাইবাতারির বাই, কোণকাওয়ায় আসে আমারে রারী করছে, আমার মাথা কচ্‌মচায়ে চাবায়ে খাইছো, দ্যাশে চল তোবার মু বান্দব, তোমার না ক্যাওরা ডোঙ্গায় বোরই কাঠের আঙ্গরায় পোরাইমু, তোমায় দাহ কোরে আমার হাতের দুঃখ ঘুচাইমু

গাণিক্য দ্যাহ মনসা ঠাকরাণ, আমার রাগ চরাইও না। আমার অ্যাহন রাজার মত ম্যাজাজ অইছে, অ্যাহনি বরকন্দাজেরে কোয়ে তোমায় না ফাসি চরাইতে পারি

মনসা। বিটাখাগির বিটা, সহরে আসে সিপুই অইছ? মাগুরে ফাসি লাগাইবা কসম্মিরে পূজা করবা—দ্যাহতো কেডা কারে ফাসি লাগায়!

(মাণিকচাঁদের গলায় গামছা দিয়া বন্ধন)

ভট্টা। ভার্য্যা খাওয়ার ভর্ত্তা লম্পট,
ভট্টাচার্য্য মারে চম্পট।
খনার বচন আছে বচা,
আপন আপন বাঁচা চাচা॥

[ভট্টাচার্য্য, বাঁশীমোহন, কীর্ত্তিবাস ও পাঁচীবাইজীর প্রস্থান।

গাণিক্য তবে পালাস ক্যান ; ও বাশীমোহন, ও হালার পুত কীর্ত্তিবাস খুরা, ও বাইজী! আমায় বিপদে ফেলে হক্কলে পালাইছ।

(গীত)

মনসা পোরাব মুযে নারার আগুন বুঝি
চল্‌তো চল হালার পুত দ্যাশে লযে যাই॥
জলাবুঁয়ে রাখমু গারে, বিছাই দিমু ঝাঁক মারে,
তোর কাচা মাথা কচমচাযে চাবায়ে না খাই॥
স্ত্রীলোকগণ আহুব গাযে দেদার ঝাঁঝ দুর দুর দুর দুর।
আগুরির পুত বাদির বিটা রাজাবাহাদুর॥
মনসা। মাগুয়ে ছাবি মাগীব বারী আইছো হালাব পুতি,
তোর বুকের ছাতি করমু গুরা মাবে মায়ে লাথী
বসবি গবে আইসে বাদর, রাজা অইবে গবাচন্দর,
অন্দরেতে হুনব মাগু যাবা না তার ঠাঁই॥
স্ত্রীলোকগণ ব্যালেলা নে চ্ছার পাজী মুয়ে আকার ছাই
আতুব গবে লবণ মুয়ে দ্যাযনি কেনে দাই॥

[সকলের প্রস্থান।

পটপরিবর্ত্তন।

উজ্জ্বল দৃশ্য।

ফ্যান্সি পোষাকে বিবি ও সাহেবগণ।

(গীত)

'GALA CITY-BALLAD."

Blooming fresh,
In fancy dress,
Sing and dance,
Jump and prance,
Jolly Johnny Polly Molly Jemmima
[illegible] la la la la la la la !
Queen of Beauty,
This Gala City,
Dirty—no no—Pretty Municipality.
O ! O ! O ! O ! Quite First-rate ;—
Its Bloody Code,
Its Floody Road,
Grimy Gas,
Dreamy Cash,
Scanty Water,
Tax every Quarter,
Blessed—Blessed Sewage scent,
Blessed Nineteen—half Per—cent,
Today gay day forget all,
Toldi Toldi Toldi rol !
A Heaven we shall make of Hell,
Merrily merrily rings the bell,
Ding Dong D[illegible]g Dong Ding Dong Dong !
Hurra ! Hurra ! Be of Cheer—
"CHRIS[illegible]AS COMES BUT ONCE A YEAR !"

[illegible] (গা[illegible] যবনিকা।